

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার
দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাশালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৮.০০৪.১৫/

তারিখঃ ১৯/২০১৭ খ্রি:

বিষয়ঃ “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থবছরে বাস্তবায়নাধীন সেতু/কালভার্ট সমূহের চূড়ান্ত প্রাক্কলন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় জেলার উপজেলায় ২০১৫-২০১৬ অর্থ বছরে.....টি এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে.....টি সহ মোটটি সেতু/কালভার্ট নির্মাণের অনুমোদন দেয়া হয়। কিন্তু দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও অবশিষ্টটি প্রকল্পের চূড়ান্ত প্রাক্কলন অত্রাফিসে প্রেরণ করা হয়নি। যা পিপিআর-২০০৮ এবং কার্যাদেশ সহ দরপত্রে বর্ণিত শর্তের স্পষ্ট লংঘন। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রাক্কলন প্রেরণে ব্যর্থতায় অর্থ প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি এবং প্রাপ্ত অর্থ তামাদি হয়ে গেলে, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষকেই বহন করতে হবে। পরবর্তীতে প্রকল্প অফিস এর দায়-দায়িত্ব বহন করবে না।

০২। এমতাবস্থায়, তাঁর উপজেলায় বাস্তবায়নাধীনটি সেতু/কালভার্টের চূড়ান্ত প্রাক্কলন আগামী ২০(বিশ) কার্য দিবসের মধ্যে অত্রাফিসে প্রেরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না করায় ঠিকাদারের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে তা নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

প্রঃ

(সওদাগর মুস্তাফিজুর রহমান)

প্রকল্প পরিচালক

(অতিরিক্ত সচিব)

“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার

দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,

ক) উপজেলা নির্বাহী অফিসার

উপজেলাঃ....., জেলাঃ.....।

খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

উপজেলাঃ....., জেলাঃ.....।

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৮.০০৪.১৫/১৩৩৩

তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। পোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলাঃ.....।

৬। জনাব উপ-প্রকল্প পরিচালক/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (জরুরী ভিত্তিতে চূড়ান্ত প্রাক্কলন প্রাপ্তির বিষয়টি তদারকি করার জন্য বলা হলো)।

৭। সংরক্ষণ নথি।

প্রকল্প পরিচালক

(অতিরিক্ত সচিব)

“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার

দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৬/১২/১৭